

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ

সূত্র : সার্কুলার লেটার নং-০৫/২০০৭

তারিখ-৩০/০৯/২০০৭

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

উদ্বৃত্ত তরল অর্থ উৎপাদনশীল/এসএমই খাতে বিনিয়োগ প্রসংগে।

প্রিয় মহোদয়,

দেশের বাণিজ্যিক ব্যাংকসমূহের নিকট বর্তমানে বিপুল অংকের উদ্বৃত্ত তরল্য রয়েছে যা উৎপাদনশীল খাতে বিশেষত সম্ভাবনাময় Small and Medium Enterprise(SME) খাতে বিনিয়োগের যথেষ্ট সুযোগ রয়েছে। কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্র ও মাঝারী শিল্প এবং ব্যবসায়িক কর্মকাণ্ডে অর্থায়নের বিষয়ে সরকার ও বাংলাদেশ ব্যাংকের তরফ থেকে বিশেষভাবে গুরুত্ব প্রদান করা হচ্ছে। ‘স্মল এন্টারপ্রাইজ’ খাতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে বর্তমানে তিনটি স্কিম চালু রয়েছে। দেশের বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এসএমই খাতে অর্থায়নের বিপরীতে এসব স্কিম থেকে ব্যাংক রেটে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের বিষয়ে সময় সময় সার্কুলারও জারি করা হয়েছে। দেশের শিল্প উন্নয়নকে সুসম ও সংগঠিত করার লক্ষ্যে SME খাতে নারী উদ্যোক্তাদের Refinance Scheme এর আওতায় ঋণসহায়তা দেবার এবং এ জন্য ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহে SME Desk স্থাপনেরও নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, এসএমই খাতে অর্থায়নে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ভূমিকা আশাব্যঞ্জক নয়। বিশেষত মহিলা উদ্যোক্তাদের ঋণদানে কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না, উপরন্তু মহিলা উদ্যোক্তাদের পক্ষ থেকে অসহযোগিতার অভিযোগও উত্থাপিত হচ্ছে।

এমতাবস্থায় উদ্বৃত্ত তরল্য বিভিন্ন উৎপাদনশীল ও নারীউদ্যোক্তাসহ সম্ভাবনাময় এসএমইখাতে বিনিয়োগসহ যাবতীয় সুবিধা প্রদানে অধিকতর প্রয়াসী হবার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হল।

বিষয়টি বাংলাদেশ ব্যাংক নিয়মিত পরিবীক্ষণ করবে।

আপনার বিশ্বস্ত

(দাশগুপ্ত অসীম কুমার)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৯৪৭